



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬০২৫/

তারিখ : ১৫/১১/২০২১ খ্রি।

বিষয় : ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

- সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ ১১/-৫/৯৭/(অংশ)/৬৭৬(৭) শিক্ষা, তারিখ : ২৫-৮-৯৮ খ্রি।
খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শাঃ ৯/৬-৩/৯৮/(অংশ-১)/৬৪৫(৮) শিক্ষা, তারিখ : ০৬-৯-২০০১ খ্রি।
গ) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা- এর স্মারক নং-১৭/৪০০৫, তারিখ : ২৯-০৭-২০১৯ খ্রি।
ঘ) প্রধান শিক্ষকের ০৯/০১/২০২০ খ্রি. তারিখে অনলইনের আবেদন (আইডি নং-২১৩৪২)।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী নীতিমালার আলোকে ব্যবসায় শিক্ষা শাখা খোলার প্রাথমিক শর্তসমূহ পূরণ হওয়ায় নিম্নে আরোপিত শর্তে আপনার বিদ্যালয়ে ০১-০১-২০২০ খ্রি. তারিখ হতে ৯ম শ্রেণিতে এবং ০১-০১-২০২১ খ্রি. তারিখ হতে ১০ম শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী :

- আগামী শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে কাম্য পরিমান শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকৃত শিক্ষকের বেতন-ভাতা সরকারি বেতনক্রম অনুসারে বিদ্যালয় কর্তৃপক্ষ প্রদান করবে।
- ছাত্র/ছাত্রীদের প্রতিদিনের উপস্থিতিসহ বিদ্যালয়ের সকল তথ্য ওয়েবসাইটে প্রদান করতে হবে।
- বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষা বিষয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- সকল শিক্ষককে কম্পিউটার পরিচালনার প্রাথমিক জ্ঞান অর্জন করতে হবে।
- বিদ্যালয়ের পাঠাগারে বিজ্ঞান বিভাগ বই ও বৈজ্ঞানিক যন্ত্রপাতির সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- কম্পিউটার শিক্ষা বিষয়ক শিক্ষককে বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষককে আরও বিশেষ বিশেষ প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- মানসম্মত বিজ্ঞানাগার তৈরী করতে হবে।

প্রধান শিক্ষক

কাশিমপুর মাধ্যমিক বিদ্যালয় (১১৫৯৯১)

ডাকঘর : হাশিমপুর, উপজেলা : যশোর সদর, জেলা : যশোর

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং- বিঅ-৬/৬০২৫/৪২১(১-২)

তারিখ : ১৫/১১/২০২১ খ্রি।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- জেলা শিক্ষা অফিসার, যশোর।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
- উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর
১৫/১১/২০২১